# কুবিতে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ক্লাস শুরু ১ জুলাই

**মোহাম্মদ জোবাইর হোসাইন, কুবি প্রতিনিধি।।**

প্রকাশিত: ০৩:৪২, ৯ মে ২০২৫




কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের ক্লাস শুরু হবে আগামী ১ জুলাই। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. মো. আনোয়ার হোসেন বৃহস্পতিবার (৮ মে) এ তথ্য নিশ্চিত করেন।

তিনি জানান, ভর্তি কার্যক্রম চলবে ১২ থেকে ১৫ মে পর্যন্ত। ভর্তিচ্ছু শিক্ষার্থীরা ১৬ মে পর্যন্ত মাইগ্রেশন চালু বা বন্ধ করার সুযোগ পাবেন। এছাড়া ‘এ’, ‘বি’ ও ‘সি’ ইউনিটের সাবজেক্ট চয়েসের ফলাফল প্রকাশিত হবে আজ (৮ মে) রাত ১২টার পর।

প্রসঙ্গত, কুবির নিজস্ব ব্যবস্থাপনায় অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় ‘এ’ ও ‘সি’ ইউনিটের পরীক্ষা ১৯ এপ্রিল এবং ‘বি’ ইউনিটের পরীক্ষা ২৫ এপ্রিল অনুষ্ঠিত হয়।